# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫২৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ চাশতের সালাত নিয়মিত আদায় করা মুস্তাহাব হওয়া প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ أَنْ يُوَاظِبَ عَلَى سُبْحَة الضحى

---

আরবী

2523 - أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ حَدَّثَنَا يَزِيدُ بْنُ مَوْهَبٍ حَدَّثَنَا اللَّيْثُ بْنُ سَعْدٍ عَنْ عَقِيلٍ عَنِ الزُّهْرِيِّ قَالَ: حَدَّثَنِي عُرْوَةُ أَنَّ عَائِشَةَ زَوْجَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَتْ تَقُولُ: مَا كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُسَبِّحُ سُبحة الضُّحَى وَكَانَتْ عَائِشَةُ تُسَبِّحُهَا وَكَانَتْ تَقُولُ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَرَكَ كَثِيرًا مِنَ الْعَمَلِ خَشْيَةَ أَنْ يَسْتَنَّ النَّاسُ بِهِ فَيُفْرَضَ عليهم.

الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2523 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1170).

বাংলা

২৫২৩. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম চাশতের সালাত আদায় করতেন না কিন্তু আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা এই সালাত পড়তেন এবং তিনি বলতেন, “নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অনেক আমলই ছেড়ে দিতেন এই আশংকায় যে, লোকজন তা রীতিমত নিয়মে পরিণত করে নিবে অতঃপর তা তাদের উপর ফরয করে দেওয়া হবে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/২২৩; মুয়াত্তা ইমাম মালিক: ১/১৫২-১৫৩; সহীহ আল বুখারী: ১১২৮; সহীহ মুসলিম: ৭১৮; আবূ দাঊদ: ১২৯৩; নাসাঈ আল কুবরা: ১২/৭৫; সুনান বাইহাকী: ৩/৫০; আবূ আওয়ানা: ২/২২৬-২২৭; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৮৬৭।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১১৭০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91849

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন